

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
ক্রেডিট গ্যারান্টি স্কিম ইউনিট

এসএমইএসপিডি সার্কুলার নং-০৩

তারিখঃ ১৮ মাঘ, ১৪২৭
০১ ফেব্রুয়ারী, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের নীতিমালা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জুলাই ২৭, ২০২০ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলার এর বিভিন্ন অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ক্রেডিট গ্যারান্টি সুবিধা কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে শুধুমাত্র চলতি মূলধন (Working Capital) এর জন্য উন্মুক্ত ছিল। সমগ্র সিএমএসএমই খাতে COVID-19 এর বিরূপ প্রভাব পড়েছে। এতদ্ব্যতীত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাগণ অনেক সময় চলতি মূলধন ঋণ গ্রহণ না করে শুধুমাত্র স্বল্প মেয়াদী ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করে থাকেন। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় আলোচ্য ক্রেডিট গ্যারান্টি স্কিম এর সুবিধা চলতি মূলধন (Working Capital) এর পাশাপাশি মেয়াদী ঋণ/বিনিয়োগের (Term Loan/ Investment) জন্যও প্রযোজ্য হবে।
- বর্ণিত সার্কুলার এর ২.৫ নং অনুচ্ছেদ অনুযায়ী অংশগ্রহনকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রতি মাসের প্রথম ১০ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য আবেদন করার সুযোগ রয়েছে। বর্ণিত আবেদনপত্র দাখিলের জন্য সংশ্লিষ্ট কাগজপত্র/নথিপত্র প্রস্তুত করার কিছুটা সময়ের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতিভাত হওয়ায় এখন থেকে প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে উক্ত গ্যারান্টি রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে।
- এতদ্ব্যতীত উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(এসএম মোহসীন হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২২১